গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ
খাগড়াছড়ি পার্বত্য জেলা।
www.khdc.gov.bd

সংশোধিত পুনঃ নিয়োগ বিজ্ঞপ্তি

খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদে হস্তান্তরিত প্রাথমিক শিক্ষা বিভাগের আওতাধীন খাগড়াছড়ি পার্বত্য জেলার সরকারি প্রাথমিক বিদ্যালয়ে রাজস্ব খাতভূক্ত "সহকারী শিক্ষক" এর বিদ্যমান শূন্য পদে জাতীয় বেতন স্কেল-২০১৫ এর ১৩তম গ্রেডে অস্থায়ীভাবে নিয়োগের জন্য শুধুমাত্র খাগড়াছড়ি পার্বত্য জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট থেকে উল্লিখিত নির্দেশনা/শর্ত অনুযায়ী দরখাস্ত আহবান করা হচ্ছে।

উল্লেখ্য যে, খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদের স্মারক নং-২৯.২৩৬.০১১.৩৩.০৪.০০৯.২০২৩-৫৮২৭ তারিখ ঃ ০৫ অক্টোবর, ২০২৩ মূলে জারীকৃত নিয়োগ বিজ্ঞপ্তির পরিপ্রেক্ষিতে যে সকল প্রার্থী ইতোপূর্বে আবেদন করেছেন তাঁদের নতুন করে আবেদন করার প্রয়োজন নেই।

পদের নাম ও সংখ্যা	বেতন স্কেল	বয়সসীমা	শিক্ষাগত যোগ্যতা
সহকারী শিক্ষক ১৬৫(একশত পঁয়ষট্টি)টি	বেতন স্কেল ঃ ১১০০০-২৬৫৯০/- জাতীয় বেতন স্কেল-২০১৫ অনুযায়ী।	প্রার্থীর বয়স ১৮/১১/২০২৫খ্রি. তারিখে ২১-৩২ বছর হতে হবে।	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএসহ (৪ স্কেলে নূন্যতম ২.২৫ ও ৫ স্কেলে নূন্যতম ২.৮) স্নাতক বা স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি। (খ) শিক্ষা জীবনে কোন স্তরে তৃতীয় বিভাগ অথবা সমমানের জিপিএ অথবা তৃতীয় শ্রেণী অথবা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না।

নির্দেশনা/শর্তাবলী ঃ

০১। আবেদনকারীকে চেয়ারম্যান, খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ, বরাবর দরখাস্তের নমুনা ছক অনুযায়ী পূর্ণনাম ও স্বাক্ষরসহ স্বহস্তে পূরণকৃত ছক পূরণ পূর্বক লিখিত দরখাস্ত ৪নং ক্রমিকে বর্ণিত কাগজপত্রাদি সংযুক্ত পূর্বক আগামী ১৮/১১/২০২৫খ্রি. তারিখ রোজ মঙ্গলবার অফিস চলাকালীন সময় বিকাল ৫.০০ঘটিকার মধ্যে জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, খাগড়াছড়ি এর কার্যালয়ে ডাকযোগে/সরাসরি পৌছাতে হবে। নির্ধারিত তারিখ ও সময়ের পরে সরাসরি বা ডাকযোগে প্রেরিত কোন দরখাস্ত গ্রহণ করা হবে না।

০২। দরখাস্তকারী যে উপজেলার স্থায়ী বাসিন্দা, তাঁর প্রার্থিতা উক্ত উপজেলার জন্য বা অনুকূলে নির্ধারিত থাকবে এবং তাঁর নিয়োগ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম তদানুযায়ী নিয়ন্ত্রিত হবে। বিবাহিত প্রার্থীগণ দরখাস্তে তাঁদের স্বামী অথবা পিতার স্থায়ী ঠিকানা উল্লেখ করে দরখাস্ত করতে পারবেন। তবে, এ দুটি স্থায়ী ঠিকানার মধ্যে তিনি যেটি দরখাস্তে উল্লেখ করবেন, তাঁর প্রার্থীতা সেই উপজেলার কোটায় বিবেচিত হবে।

০৩। আবেদনকারী আবেদন ফরমে ও প্রবেশপত্রের স্বাক্ষরের স্থানে স্বহস্তে স্বাক্ষর করবেন। আবেদন ফরম ও প্রবেশপত্রের স্বাক্ষরের স্থানে প্রার্থী কর্তৃক স্বহস্তে স্বাক্ষর না করলে আবেদনটি বাতিল বলে গণ্য হবে। অসত্য/ভুয়া তথ্য সংবলিত/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে। মিথ্যা/ভুয়া তথ্য সরবরাহ করার জন্য তাঁর বিরুদ্ধে আইনগত/প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৪। আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক (কর্মকর্তার সুস্পষ্ট নাম, পদবী ও স্বাক্ষর থাকতে হবে) সত্যায়িত করে সংযুক্ত করতে হবে।

(ক) শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র;

(খ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী প্রার্থীর ক্ষেত্রে সরকারের সর্বশেষ সিদ্ধান্ত অনুসারে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা সনদপত্র;

(গ) প্রতিবন্ধী/তৃতীয় লিঙ্গের প্রার্থীর ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র;

(ঘ) খাগড়াছড়ি পার্বত্য জেলার স্থায়ী বাসিন্দার সমর্থনে জেলা প্রশাসক অথবা সার্কেল চীফ প্রদত্ত স্থায়ী বাসিন্দার সনদপত্র;

(ঙ) সরকারি পরিপত্র অনুসারে আবেদন পত্রের সাথে পরীক্ষার ফি বাবদ ১০০/-(একশত) টাকা, (অফেরতযোগ্য) চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি এর নামীয় সোনালী ব্যাংক, খাগড়াছড়ি শাখার চলতি হিসাব নং ৫৪১২২০০০২৫২২৬ -এ জমা দিয়ে জমা স্লীপের মুলকপি সংযুক্ত করতে হবে।

০৫। দরখাস্তের নুমনা ছক এবং প্রবেশপত্রের নমুনা ছক খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদের ওয়েব সাইটে (www.khdc.gov.bd) পাওয়া যাবে।

০৬। প্রাথমিক বাছাইয়ের পর কর্তৃপক্ষের বিবেচনায় কেবল মাত্র যোগ্য প্রার্থীদের লিখিত পরীক্ষা এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে। লিখিত পরীক্ষার উত্তীর্ণ তথ্য এ পরিষদের ওয়েবসাইটে/ খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ ও জেলা প্রাথমিক শিক্ষা অফিসের নোটিশবোর্ডে প্রকাশ করা হবে।

০৭। আবেদনকারীকে আবেদনপত্রের খামের উপরিভাগে লাল কালিতে আবেদনকৃত পদের নাম স্পষ্টভাবে লিখতে হবে এবং খামের বাম পার্শ্বে আবেদনকারীর পুরো নাম ও ঠিকানা লিখতে হবে।

০৮। লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনরূপ টিএ/ডিএ প্রদান করা হবে না। মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় সকল প্রকার মূল সনদপত্র উপস্থাপন করতে হবে।

০৯। সন্তোষজনক পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট এবং সিভিল সার্জনের স্বাস্থ্যগত প্রত্যয়ন চাকুরীতে নিয়োগের অন্যতম প্রধান শর্ত হিসেবে বিবেচিত হবে।

১০। নিয়োগ পরীক্ষার মানবন্টন হবে নিম্নরূপ ঃ

	পরীক্ষার বিষয়	নম্বর
(১)	(২)	(৩)
লিখিত পরীক্ষা	১। বাংলা	২৫
	২। ইংরেজি	২৫
	৩। গণিত ও দৈনন্দিন বিজ্ঞান	২০
	৪। সাধারণ জ্ঞান (বাংলাদেশ ও আন্তর্জাতিক বিষয়াবলি)	২০
	মোট নম্বর	৯০
	মৌখিক পরীক্ষা	১০
	সর্বমোট নম্বর	১০০
ব্যাখ্যা ঃ লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হইবেন।		

স্বাঃ-
(শেফালিকা ত্রিপুরা)
চেয়ারম্যান
খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ।

স্মারক নং-২৯.৩৬.৪৬০০.১০৩.০০১.১১.০০০১.২৩-২১১৬

তারিখ ঃ ০৪ কার্তিক, ১৪৩২ / ২০ অক্টোবর, ২০২৫

অনুলিপি ঃ সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) ঃ

০১. মাননীয় উপদেষ্টা, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. মাননীয় চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
০৩. চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ, রাঙ্গামাটি/বান্দরবান পার্বত্য জেলা।
০৪. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়/পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫. জেলা প্রশাসক, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
০৬. পুলিশ সুপার, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
০৭. মুখ্য নির্বাহী কর্মকর্তা, পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
০৮. জনাব.....সদস্য, বাছাই ও নিয়োগ কমিটি।
০৯. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, খাগড়াছড়ি পার্বত্য জেলা। বিজ্ঞপ্তিটি জেলা কার্যালয়ের নোটিশ বোর্ডে টাঙিয়ে প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১০. আইটি অফিসার, খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ-কে বিজ্ঞপ্তিটি (চাকরির আবেদন ফরম ও প্রবেশপত্র ফরম) এ পরিষদের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
১১. অফিস কপি/নোটিশ বোর্ড, খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ।

(শেফালিকা ত্রিপুরা)
চেয়ারম্যান
খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ।